ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৩০
আগরতলা, ২১ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

**"পাহাড়ি মাফিয়ার হুমকিতে বন্ধ ৯টি স্বাস্থ্য কেন্দ্র,"**এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ১৮ অক্টোবর, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে খোয়াই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের প্রদত্ত রিপোর্টের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হুমকির কারণে ৯টি স্বাস্থ্যকেন্দ্র বন্ধ করে দেওয়া হয়েছে, তা সত্য নয়।নবনির্মিত আশারামবাড়ি হেল্থ সাব সেন্টারটিতে হুমকি সম্পর্কিত কোনও তথ্য বা অভিযোগ পাওয়া যায়নি এবং স্বাস্থ্যকর্মীরাও কোন সমস্যার সম্মুখীন হওয়ার বিষয়ে কোন ধরণের অভিযোগ করেনি। তাছাড়া এইসকল অঞ্চলের স্বাস্থ্য প্রতিষ্ঠানে বিভিন্ন জাতীয় কর্মসূচি সহ নানা স্তরের কার্যক্রম পরিচালনায় স্বাস্থ্যকর্মী ও চিকিৎসকগণ অন্যান্যদের দ্বারা কোনও অপরাধমূলক সমস্যার বা হুমকির সম্মুখীন না হয়ে সঠিকভাবেই পরিচালনা করছেন। এদিকে তুলাশিকর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক গত  কয়েকদিন আগে তুলাশিকর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীনস্থ পূর্ব তকছায়া, হলং মতাই এবং ইস্ট রাজনগর ইত্যাদি আয়ুষ্মান আরোগ্য মন্দিরগুলোতে পরিদর্শন করেন। পরিদর্শনকালে দেখা যায় যে সংশিষ্ট আয়ুষ্মান আরোগ্য মন্দিরে স্বাস্থ্যকর্মীরা সঠিকভাবেই তাদের দায়িত্ব পালন করছেন এবং তারা সাপ্তাহিক ভিত্তিতে নিয়মিত গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস, রুটিন টিকাকরণ সহ অন্যান্য কর্মসূচি পরিচালনা করছেন।

*****